# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২০

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬: মোজার উপর মাসাহ করা

بَاب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ دُحَيْمٌ، وَسُلَيْمَانُ بْنُ دَاوُدَ، وَاللَّفْظُ لَهُ، عَنْ ابْنِ نَافِعٍ، عَنْ دَاوُدَ بْنِ قَيْسٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، قَال: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِلَالٌ الْأَسْوَاقَ فَذَهَبَ لِحَاجَتِهِ ثُمَّ خَرَجَ، قَالَ أُسَامَةُ: فَسَأَلْتُ بِلَالًا: مَا صَنَعَ ؟ فَقَالَ بِلَالٌ: ذَهَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِحَاجَتِهِ، ثُمَّ تَوَضَّأَ، فَغَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ وَمَسَحَ بِرَأْسِهِ وَمَسَحَ عَلَى الْخُفَّيْنِ، ثُمَّ صَلَّى .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٢٠٣٠) (حسن صحيح) (صحيح موارد الظمآن ١٥١)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 120 _ حسن الإسناد

বাংলা

১২০. ’আবদুর রহমান ইবনু ইব্রাহীম দুহায়ম ও সুলায়মান ইবনু দাউদ (রহ.) ..... উসামাহ্ ইবনু যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) এবং বিলাল (রাঃ) মাদীনার বাজারে প্রবেশ করেন। তিনি (সা.) তাঁর পায়খানা-প্রস্রাবের প্রয়োজনে বাইরে যান এবং কিছুক্ষণ পর ফিরে আসেন। উসামাহ্ (রাঃ) বলেন, বিলাল (রাঃ)-কে প্রশ্ন করলাম, রাসূলুল্লাহ (সা.) সেখানে কি করেছেন? বিলাল (রাঃ) বলেন, নবী (সা.) তাঁর প্রয়োজনে বাইরে গিয়েছিলেন এবং ফিরে এসে উযূ করেন। অতঃপর তিনি তাঁর মুখমণ্ডল ও হাত ধৌত করেন, মাথা এবং মোজার উপর মাসাহ করেন। তারপর সালাত আদায় করেন।

## English

96. Wiping Over The Khuffs

It was narrated that Usamah bin Zaid said: The Messenger of Allah (ﷺ) and Bilal entered Al-Aswaf [1] and he went to relieve himself and then came out. Usamah said: I asked Bilal: 'What did he do?' Bilal said: 'The Prophet (ﷺ) went to relieve himself, then he performed Wudu', so he washed his hands and face, and wiped his head and he wiped over his Khuffs, then prayed.'

## ফুটনোট

হাসান: সহীহ ইবনু খুযায়মা ১৮৫, মুসতাদরাক হাকিম (১/১৫১), বায়হাকী'র "সুনানুল কুবরা" (১/২৭৫), তা'লীকাত আল হাসসান (২/৩০৯)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন